



বাংলা একাডেমি


৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ
রমনা, ঢাকা ১০০০

বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ মহামারি/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রূপরেখা [কর্মসম্পাদন সূচক ১.২.১ এর প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী]

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৭
২৭/০৭/২০২০

বাংলা একাডেমির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ১.২.১ অনুচ্ছেদে বর্ণিত মহামারি/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রূপরেখা নিম্নে উল্লেখ করা হলো:

১. একাডেমিতে দর্শনার্থী প্রবেশ নিয়ন্ত্রণ করা। প্রবেশ পথে থার্মাল স্ক্যানারের সাহায্যে সকল কর্মী, দর্শনার্থী ও সেবা গ্রহিতার তাপ নির্ধারণ ও হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা করা। স্বাভাবিকের চেয়ে অধিক তাপমাত্রার কাউকে একাডেমিতে প্রবেশ করতে না দেয়া। মূল গেটসহ সকল ভবনের প্রবেশ পথে ব্লিচিং পাউডারে ভেজা চটের কাপড় বা স্পঞ্জ জুতা জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখা।
২. পরবর্তী কোন নির্দেশনা না পাওয়া পর্যন্ত একাডেমির সকল কর্মীর অবশ্যই অফিসে মাস্ক ব্যবহার করা। প্রয়োজনে গ্লভস ও পিপিই পরিধান করা। মাস্ক ছাড়া কাউকেই বাংলা একাডেমি প্রাঙ্গণে প্রবেশ করতে না দেয়া।
৩. কর্মীদের ঘন ঘন সাবান-পানি বা স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে উৎসাহিত করা। একাডেমি প্রাঙ্গণে এবং ওয়াশরুমে হাত ধোয়ার পর্যাপ্ত ব্যবস্থা রাখা।
৪. কক্ষসমূহে সামাজিক দূরত্ব মেনে চলা। কোন রুমে জরুরি প্রয়োজন ছাড়া ২ (দুই) জনের বেশি প্রবেশ না করা। সহকর্মীদের যথাসম্ভব রুমে না ডাকা। প্রয়োজনীয় আলাপ মোবাইল/টেলিফোনে সম্পন্ন করা এবং সকল ধরনের আড্ডা ও সমাগম পরিহার করা।
৫. অফিসের সকল মিটিং অনলাইনে করতে গুরুত্ব আরোপ করা। ই-নথি ও ই-মেইল ব্যবহার করা। যে সকল কার্যক্রম অনলাইনে করা সম্ভব সেগুলো শতভাগ অনলাইনে সম্পন্ন করা।
৬. লিফট ব্যবহারে কর্মীদের নিরুৎসাহিত করা। লিফটে সামাজিক দূরত্ব মেনে চলা।
৭. দৃশ্যমান একাধিক স্থানে স্বাস্থ্য বিধি সম্পর্কে প্রচারণামূলক ব্যানার বা নির্দেশিকা স্থাপন করা।
৮. কর্মকর্তা/কর্মচারীদের করোনা ভাইরাস প্রতিরোধে স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দেয়া এবং তাঁরা তা মেনে চলছে কিনা তা পর্যবেক্ষণ করা।
৯. কর্মীদের চলাচলে ব্যবহৃত পরিবহনে স্বাস্থ্য বিধি মেনে চলা।


২৭.৭.২০২০

ডা. কে এম মুজাহিদুল ইসলাম
পরিচালক (চলতি দায়িত্ব)

প্রশাসন, মানবসম্পদ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ

ও

ইনোভেশন অফিসার
বাংলা একাডেমি, ঢাকা।